**2018**

# BENGALI

( Major )

Paper : 4.1

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'অ', 'আ', 'ই', 'ঈ'-এর মধ্যে সংবৃত স্বরধ্বনি কোনটি ?

(খ) 'খ', 'ড', 'ড়', 'র'-এর মধ্যে তাড়িত ব্যঞ্জন কোনটি ?

(গ) মধ্য-ধ্বনি লোপের একটি উদাহরণ দাও।

(ঘ) বাক্য > বাক্ক > বাইক্ক—এখানে ধ্বনি-পরিবর্তনের কোন্ সূত্রটি অনুসৃত হয়েছে ?

(ঙ) ফরাসি ভাষা থেকে বাংলা শব্দভাণ্ডারে গৃহীত যে কোনো একটি শব্দের উল্লেখ করো।

(চ) তানপ্রধান ছন্দের রীতি অনুসারে 'উজ্জ্বল' শব্দটির মাত্রা কত ?

(ছ) বাংলা ছন্দের আলোচনায় 'অক্ষর' (syllable) কয় প্রকার ?

(জ) বাংলা ছন্দে পূর্ণ পর্বের সরচাইতে হ্রস্ব পর্বটি কত মাত্রার হয় ?

(ঝ) বাংলায় 'অনুপ্রাস' অলংকার কয় প্রকার ?

(ঞ) "ভারত ভারতখ্যাত আপনার গুণে।"—কোন্ অলংকারের উদাহরণ ?

২। প্রশ্নানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) বাংলায় বর্ণ বিপর্যয়ের দুটি উদাহরণ দাও।

(খ) যে কোনো দুটি বাংলা উপভাষার নাম লেখো।

(গ) নিম্নলিখিত ধ্বনি-পরিবর্তনের সূত্র উল্লেখ করো :

(১) স্পর্ধা > আস্পর্ধা

(২) পুথি > পুঁথি

(ঘ) ধীর ও বিলম্বিত লয়ের ছন্দ দুটি কী কী ?

(ঙ) উদাহরণসহ 'রূপক' অলংকারের সংজ্ঞা লেখো।

৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) উদাহরণসহ 'অপিনিহিতি' এবং 'অভিশ্রুতি'র সংজ্ঞা নির্দেশ করে তাদের পারস্পরিক সম্পর্কটি নির্দিষ্ট করো।





(খ) টীকা লেখো (যে কোনো দুটি) :

সমধ্বনি শব্দ ; সমাক্ষর লোপ ; স্বরভক্তি ; অন্ত্য স্বরাগম।

(গ) কারণ নির্দেশসহ অলংকার নির্ণয় করো :

চলচপলার চকিত চমকে
করিছ চরণ বিচরণ।

(ঘ) তোমার সিদ্ধান্তের কারণ উল্লেখ করে অলংকার নির্ণয় করো :

"দেখ সখে উৎপলাক্ষী সরোবরে নিজ অক্ষি-
প্রতিবিম্ব করি দরশন,
জলে কুবলয়ভ্রমে বার বার পরিশ্রমে
ধরিবারে করিছে যতন!"

(ঙ) ছন্দোলিপি প্রস্তুত করো :

গান গেয়ে তরী বেয়ে কে আসে পারে।
দেখে যেন মনে হয় চিনি উহারে
ভরা পালে চলে যায় কোনো দিকে নাহি চায়
ঢেউগুলি নিরুপায় ভাঙে দুধারে॥

(চ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"দুর্গম গিরি, কান্তার মরু, দুস্তর পারাবার
লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে, যাত্রীরা হুশিয়ার!"

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) শব্দার্থ পরিবর্তনের ত্রিধারা বলতে কি বোঝ ? বাংলা ভাষা থেকে উদাহরণ নিয়ে এই ত্রিধারা সম্বন্ধে আলোচনা করো।

(খ) মধ্য বাংলার বৈশিষ্ট্যগুলো আলোচনা করো।

(গ) সাধুভাষা ও চলিতভাষার মধ্যে একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো।

(ঘ) সমীভবন কাকে বলা হয়? সমীভবন কয় প্রকার ও কী কী? উদাহরণসহ প্রতিটি প্রকারভেদের সংজ্ঞা নিরূপণ করো।

৫। (ক) গূঢ়ার্থ প্রতীতিমূলক অলংকার কাকে বলা হয়? তোমার পাঠক্রমের অন্তর্গত দুই প্রকার গূঢ়ার্থ প্রতীতিমূলক অলংকার সম্বন্ধে উদাহরণসহ আলোচনা করো। ১০

*অথবা*

(খ) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করে নীচের যে কোনো **দুই** জোড়া অলংকারের মধ্যে পার্থক্য নির্দেশ করো :

(১) বৃত্ত্যনুপ্রাস ও অন্ত্যানুপ্রাস

(২) উৎপ্রেক্ষা ও সন্দেহ

(৩) সমাসোক্তি ও অতিশয়োক্তি

৬। (ক) উদাহরণসহ শ্বাসাঘাতপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলো আলোচনা করো। ১০

*অথবা*

(খ) বাংলা ছন্দের আলোচনায় 'ছেদ' কাকে বলা হয়? এই 'ছেদ' কত প্রকার ও কী কী? 'ছেদ' ও 'যতি'র সম্পর্ক ও পার্থক্য উদাহরণসহ আলোচনা করো।

★★★